



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

এইচএসসি পরীক্ষা ২০২৪-এর ফল পুনঃনিরীক্ষণ/রিভিউর নিয়মাবলি:


আবেদন করার তারিখ: ১৬/১০/২০২৪ থেকে ২২/১০/২০২৪

টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে পুনঃনিরীক্ষণ/রিভিউর আবেদন করতে হবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর <Space> বিষয় কোড লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণ: ঢাকা বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 123456 হলে এবং পরীক্ষার্থী আবেদন করতে চাইলে Message অপশনে RSC dha 123456 174 লিখে Send করতে হবে 16222 নম্বরে। ফিরতি এসএমএস-এ আবেদন বাবদ মোট টাকার পরিমাণ এবং একটি PIN প্রদান করা হবে। এতে সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে RSC <Space> Yes <Space> PIN <Space> Contact Number (যে কোন মোবাইল অপারেটর) লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উল্লেখ্য, পুনঃনিরীক্ষণ/রিভিউর ক্ষেত্রে একই এসএমএস-এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয়/পত্রের কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন পদার্থ ও রসায়ন দুটি বিষয়ের/পত্রের জন্য আপনার টেলিটক প্রি-পেইড মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে RSC <Space> dha <Space> Roll Number <Space> 174,175,176,177 লিখতে হবে।

- প্রতি পত্রের জন্য আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।
- দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রই আবেদন করতে হবে।
- ম্যানুয়াল কোন আবেদন গ্রহণ করা হবে না।

 ১৫.১০.২৪

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা